

দেড় হাজার শিক্ষার্থীকে ল্যাপটপ দিল ডিআইইউ

শ্রেণিকক্ষ থেকে বাসার পড়ার টেবিল—আমাদের শিক্ষাগ্রহণ পদ্ধতির প্রায় পুরোটাই প্রযুক্তিভিত্তিক। পড়াশোনা আর প্রযুক্তির মিশেলে এখনকার শিক্ষাব্যবস্থা আধুনিক। দিনে দিনে প্রযুক্তির সঙ্গে আমাদের ঘনিষ্ঠতা আরও বাড়ছে। নতুন ল্যাপটপ কম্পিউটার হাতে পেয়ে এমনই বললেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) সাংবাদিকতা ও গণযোগাযোগ বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী মামুনুর রশিদ।

গতকাল শনিবার ঢাকায় ডিআইইউর স্টার্ট-আপ মিলনায়তনে এক অনুষ্ঠানে শিক্ষার্থীদের ১ হাজার ৫০০ ল্যাপটপ কম্পিউটার দেওয়া হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী আসাদুজ্জামান খান বলেন, 'প্রযুক্তির মাধ্যমে আধুনিক জ্ঞানে সমৃদ্ধ হচ্ছে আমাদের তরুণ প্রজন্ম, আর এগিয়ে যাচ্ছি আমরা।'

ডিআইইউর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মো. সবুর খান বলেন, 'প্রযুক্তি ছাড়া আগামী দিনে টিকে থাকা সম্ভব নয়। তথ্যপ্রযুক্তি ব্যবহার করে শিক্ষা প্রদান কার্যক্রমকে আরও কার্যকরী, যুগোপযোগী ও জীবনঘনিষ্ঠ করতেই আমাদের এ উদ্যোগ।' অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডিআইইউর উপাচার্য লুৎফর রহমান, সহ-উপাচার্য গোলাম রহমানসহ অনেকে।

শিক্ষার্থীদের দেওয়া হয়েছে কোরআই খ্রি ডেল ইনসপাইরন ৩৪৪২ মডেলের ল্যাপটপ। ডিআইইউ ২০১০ সাল থেকে শিক্ষার্থীদের মধ্যে ল্যাপটপ বিতরণ শুরু করে।

—রাফাত জামিল